

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২১৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮৪. সহবাসে বীর্যপাত না হলে

باب فِي الإِكْسَالِ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبِ، أَخْبَرَنِي عَمْرٌو، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " الْمَاءُ مِنَ الْمَاءِ " . وَكَانَ أَبُو سَلَمَةَ يَفْعَلُ ذَلِكَ .

\_ صحیح : م

#### বাংলা

২১৭। আবৃ সাঈদ আল-খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, পানির জন্যই পানি ব্যবহার করতে হবে (অর্থাৎ বীর্যপাত হলেই গোসল করতে হবে)। আবৃ সালামাহ (রাঃ) এরূপই করতেন।[1]

সহীহ: মুসলিম।

## **English**

Aba Sa'id al-Khudri reported :

The Messenger of Allah (May peace be upon him) said : water (bath) is necessary only when there is seminal emission. And Abu Salamah followed it.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয়, অনুঃ বীর্যপাতের দরুণ গোসল করা), আহমাদ (৩/২৯) 'আমর ইবনুল হারিস সূত্রে। -



- এ অনুচ্ছেদে হাদীসসমূহ থেকে শিক্ষাঃ
- ১। সহবাস করলে (স্বামী স্ত্রীর লজ্জাস্থান একত্র হলে) গোসল করা ওয়াজিব, তাতে বীর্যপাত না হলেও।
- ২। সহবাসে বীর্যপাত না হলে তাতে গোসল না করার সুযোগ ইসলামের প্রাথমিক যুগে ছিলো। কিন্তু পরবর্তীতে তা রহিত করা হয়েছে।
- ৩। কোনো একজনের লজ্জাস্থানের মাথা গুপ্তাঙ্গের অগ্রভাগে প্রবেশ করলেই গোসল ওয়াজিব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন